

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৪.০০১.২৬-১৫০

তারিখ: ১৭/০৫/২০২৬ খ্রি.

প্রতি,

প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
আইএমইডি, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।


বিষয়: **প্রস্তাবিত B-SAFE প্রকল্পের ক্রয়কৌশল প্রণয়নের লক্ষ্যে Early Market Engagement এর নিমিত্তে অনুষ্ঠিতব্য Pre-Procurement Conference সংক্রান্ত নোটিশ BPPA-এর ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ৫টি জেলার (সাতক্ষীরা, খুলনা, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী) ০৯টি উপজেলার ১০টি পোন্ডারের অভ্যন্তরে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে “Bangladesh Strategic Integrated Flood Resilience Program (B-SAFE)” শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে।

প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি চূড়ান্তকরণের পূর্বে ক্রয়কৌশল প্রণয়নের জন্য Early Market Engagement এর অংশ হিসেবে সম্ভাব্য দরদাতা বা ইকোনোমিক অপারেটরদের অংশগ্রহণে আগামী ০৮ জুন ২০২৬ খ্রি. সকাল ১০:০০ ঘটিকায় এলজিইডি সদর দপ্তরে একটি Pre-Procurement Conference আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

পিপিআর, ২০২৫ এর বিধি ২৪ অনুযায়ী উক্ত Conference আয়োজনের কমপক্ষে ১৪ (চৌদ্দ) দিন পূর্বে বিজ্ঞপ্তি প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এবং বিজ্ঞপ্তিটি সংস্থা ও BPPA-এর ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, অনুষ্ঠিতব্য Pre-Procurement Conference সংক্রান্ত সংযুক্ত বিজ্ঞপ্তিটি বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (BPPA)-এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।


১৭/০৫/২৬
মোঃ আবু হানিফ মৃধা
নির্বাহী প্রকৌশলী
প্রকিউরমেন্ট ইউনিট

ও

ফোকাল পারসন, B-SAFE প্রকল্প, এলজিইডি।

ফোন: ০২-৪৪৮২৬১৬৭

ই-মেইল: hmredha@gmail.com

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেরন করা হলো:

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা। মহোদয়কে সংযুক্ত বিজ্ঞপ্তিটি এলজিইডি'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: সাতক্ষীরা, খুলনা, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।